Site Office (Factory): PingFood Industrial Park, Aminbazar, Savar, Dhaka. Email: info@pingfood.com, Web: www.pingfood.com
Corporate Office: Dizen Garden (Ground Level), 49 Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1205.
Phone: +88 02 9111319, 9111810, 8123974, Fax: +88 02 9118513

তারিখঃ ৩ রা নভেম্বর ২০১২
স্মারক নংঃ আইসিএসবিজনেসগ্রুপ/পিআইপি/পিংফুড/সেলস-টীম-লীডার-সার্ভিস-সিডিউল@এমএসইউ

বরাবর,
....
....

বিষয়ঃ পিংকসিটি ফুড এন্ড বেভারেজ ইন্ডাস্ট্রিজ লিঃ এর আওতাধীন পিংফুড ব্রান্ডের যাবতীয় ফুড এন্ড বেভারেজ পন্যসমূহ বিক্রয়ের নিমিত্তে .... এলাকার আনুমানিক .... বর্গকিলোমিটার আয়তন ও আনুমানিক .... সংখ্যক ভোক্তাগনের নিকট বিক্রয় পরিসেবা প্রদানের জন্য সেলস **টীম লীডার** হিসাবে **অস্থায়ী নিয়োগ** প্রদান প্রসঙ্গেঃ

প্রিয় মহোদয়,
অতীব আনন্দের সাথে জানানো যাইতেছে যে, আপনাকে নিম্নলিখিত শর্তসমূহ অত্যন্ত যত্নসহকারে প্রতিপালন সাপেক্ষে শিরোনামে বর্নিত এলাকার জন্য অত্র কোম্পানীর একজন **সেলস টীম লীডার** হিসাবে **সাময়িকভাবে** নিয়োগ প্রদান করা হইল।

শর্তসমূহঃ

১. আপনাকে এতদসঙ্গে বর্নিত কাগজপত্রাদি কোম্পানীর এডমিন বিভাগে জমা দিয়া আপনার পরিচয়পত্র সংগ্রহপূর্বক আগামী .... তারিখের মধ্যে কাজে যোগদান করিতে হইবে।

২. আপনাকে উপরে বর্নিত এলাকাস্থিত সকল ভোক্তাসাধারনের নিকট পিংফুড ব্রান্ডের যাবতীয় ফুড এন্ড বেভারেজ পন্যসামগ্রী বিক্রয়ের নিমিত্তে উপযুক্ত সংখ্যক ডিস্ট্রিবিউটর (বা ডিলার) নিয়োগের সুপারিশ করিয়া তাহাদের তত্বাবধানে প্রয়োজনীয় সংখ্যক সেলস অফিসার (আপাততঃ ১০ থেকে ১৫ জন) মাঠ পর্যায়ে নিয়োজিত করিয়া উক্ত এলাকায় অবস্থিত সব ধরনের মনোহরী ও পাইকারী দোকান, গোডাউন, ডিপার্টম্যান্ট স্টোর, ফার্মেসী, লাইব্রেরী, হোস্টেল, রেস্টুরেন্ট, ডাইনিং বা কেন্টিন, ক্লাবহাউজ, পার্লার ইত্যাদি স্থানে স্বশরীরে উপস্থিত হইয়া বা সেলস অফিসারদের পাঠাইয়া বিভিন্ন প্রকার কুশলাদি বিনিময়পূর্বক পিংফুড ব্রান্ডের যাবতীয় পণ্যসামগ্রীর **বিক্রয় অর্ডার** সংগ্রহ করিয়া অর্ডারবুকে লিপিবদ্ধ করিবার ব্যবস্থা করিবেন। দিনশেষে সংগৃহীত অর্ডারসমূহের পূর্নাঙ্গ একটি তালিকা ডিস্ট্রিবিউটরের নিকট জমা দেওয়ার ব্যবস্থা করিবেন এবং ডিস্ট্রিবিউটরের সহিস্বাক্ষর সম্পাদনের পর সেলস অফিসার কর্তৃক উক্ত তালিকাটি কোম্পানীর নিজস্ব নাম্বারে এসএমএস করিয়া পাঠানোর ব্যবস্থা করিবেন। পরবর্তী কার্যদিবসে উপরোক্ত তালিকা অনুযায়ী ডিস্ট্রিবিউটরের নিকট হইতে প্রয়োজনীয় মালামাল সরবরাহ করিয়া ডিস্ট্রিবিউটরের অনুকূলে **সেলস কালেকশন** নিশ্চিত করিতে হইবে। পন্য তালিকা অনুযায়ী সেলস কালেকশনের একটি ফর্দ ডিস্টিবিউটরের মাধ্যমে কোম্পানীর উক্ত নাম্বারে পাঠানোর ব্যবস্থা করিবেন।

৩. আপনাকে উক্ত এরিয়ায় প্রতিদিন গড়ে কমপক্ষে **মোট ২৫,০০০ (পচিশ হাজার টাকা মাত্র) টাকা** সমমূল্যের **সেলস কালেকশন** নিশ্চিত করিতে হইবে। উপরোক্ত সেলস অর্ডারের বিপরীতে যে পরিমান সেলস কালেকশনই নিশ্চিত হইবে তাহার জন্য কোম্পানী কর্তৃক এতদসংশ্লিষ্ট চিঠির ৫ নং ধারায় বর্নিত তালিকা অনুযায়ী আপনার প্রাপ্তব্য **সেলস পারফরমেন্স এলাউন্স (বা এসপিএ)** পরবর্তী কার্যদিবসের (ক্ষেত্র বিশেষে পরবর্তী সপ্তাহে বা মাসে) মধ্যেই আপনার নির্বাচিত একাউন্টে **অটোট্রান্সফারের** ব্যবস্থা করা হইবে।

৪. সেলস টীম লীডার হিসাবে উপরে বর্নিত **সেলস পারফরমেন্স এলাউন্স (বা এসপিএ)** -ই আপাততঃ আপনার বেতন বা পারিতোশিক হিসাবে গন্য হইবে। একাধিক্রমে পর পর ৩ (তিন) মাস আপনার **মাসিক মোট এসপিএ ৫০,০০০ (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা** বা তাহার বেশী হইলে আপনাকে অত্র পদের জন্য স্থায়ীভাবে মনোনয়নসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ব্যবস্থা করা হইতে পারে।

PINK CITY FOOD & BEVERAGE IND. LTD.

৫. সেলস পারফরমেন্স এলাউন্স বা সেলস পিএ তালিকা*** (সময় সময় পরিবর্তনশীল এবং এক্ষেত্রে কোম্পানীর চলতি সার্কুলার দ্রষ্টব্য)

কোড	প্রডাক্টের নাম	ইউনিট সাইজ (গ্রাম/মিলি)	এমআরপি (প্রতি পিছ টাকা)	এক্স ফ্যাক্টরী মূল্য (প্রতি পিছ টাকা)	এসপিএ (সেলস অফিসার)	এসপিএ (টীম লীডার)	এসপিএ (অন্যান্য)
এ	লাচ্ছা সেমাই	২০০গ্রাম	৩৫.০০	২৬.০০	২.০০ টাকা	০.২০ টাকা	১.০০ টাকা
বি	স্পেশাল টোস্ট	৩০০গ্রাম	৫৮.০০	৪৫.০০	৩.০০ টাকা	০.৩০ টাকা	১.৫০ টাকা
সি	বাটার টোস্ট	৩০০গ্রাম	৬০.০০	৪৮.৫০	৩.০০ টাকা	০.৩০ টাকা	১.৫০ টাকা
ডি	বেবী টোস্ট	২০০গ্রাম	৫৫.০০	৪৩.০০	৩.০০ টাকা	০.৩০ টাকা	১.৫০ টাকা
ই	ড্রাই কেইক	২০০গ্রাম	৯৫.০০	৭৮.০০	৪.০০ টাকা	০.৪০ টাকা	২.০০ টাকা
এফ	হানি কেইক	২০০গ্রাম	১০০.০০	৮০.০০	৪.০০ টাকা	০.৪০ টাকা	২.০০ টাকা
জি	ভার্মিচিলি	২০০গ্রাম	৩৫.০০	২৬.০০	২.০০ টাকা	০.২০ টাকা	১.০০ টাকা
এইচ	সরিসার তৈল	৮০গ্রাম	২৫.০০	২০.৫৫	১.০০ টাকা	০.১০ টাকা	০.৫০ টাকা
আই	সরিসার তৈল	২০০গ্রাম	৫০.০০	৪০.০০	১.৫০ টাকা	০.১৫ টাকা	০.৭৫ টাকা
জে	সরিসার তৈল	৫০০গ্রাম	১২০.০০	৯২.০০	২.০০ টাকা	০.২০ টাকা	১.০০ টাকা
কে	ইনস্ট্যান্ট নুডুলস	৬৫ গ্রাম	১৭.০০	১৪.৫০	০.৫০ টাকা	০.০৫ টাকা	০.২৫ টাকা
এল	কালিজিরা চাল	১ কেজি	১৩০.০০	১০৮.০০	২.০০ টাকা	০.২০ টাকা	১.০০ টাকা

৫. আপনি সংশি-ষ্ট এরিয়ায় একাধিক্রমে পর পর <u>মোট ৩ (তিন) সপ্তাহ</u> টার্গেটকৃত বিক্রয় অর্ডার সংগ্রহে ব্যর্থ হইলে আপনার অত্র নিয়োগ বাতিল বলিয়া গন্য হইবে এবং এ ক্ষেত্রে কোনরুপ চিঠি, নোটিশ বা কারন দর্শানোর প্রয়োজন হইবে না।

৬. অত্র দায়িত্বে নিয়োগপ্রাপ্তির জন্য যে সব কাগজপত্রাদি জমা দিতে হইবে তাহা নিম্নরুপঃ

ক) পূর্নাঙ্গ জীবন-বৃত্তান্ড় ও সদ্য তোলা রঙীন ছবি
খ) সকল একাডেমিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি
গ) দায়িত্বশীল ব্যক্তির হইতে প্রাপ্ত চারিত্রিক সনদপত্র
ঘ) গ্যারান্টরস্ আন্ডারটেকিং (কোম্পানীর প্রেসক্রাইভড নমুনা অনুযায়ী)
ঙ) জাতীয়তার সনদপত্র,
চ) ব্যাংক একাউন্ট প্রত্যয়নপত্র (সংশ্লিষ্ট ব্যাংকের ম্যানেজার কর্তৃক একাউন্ট নম্বর, একাউন্ট শিরোনাম, গ্রাহকের স্বাক্ষর ইত্যাদি তথ্য সত্যায়নপূর্বক চিঠিসহ প্রেরন করিতে হইবে)
ছ) মোবাইল ফোন রেজিষ্ট্রেশন কার্ডের কপি
জ) ফিংগার প্রিন্ট (যদি সম্ভবপর হয়)

৭. আপনাকে দৈনিক, সাপ্তাহিক, মাসিক ভিত্তিতে সেলস কার্যক্রমের হার্ডকপিসমূহ যথানিয়মে **<u>গ্রুপ টীম লীডারের</u>** মাধ্যমে কোম্পানীর বিক্রয় বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষের নিকট পেশ করিবার ব্যবস্থা করিতে হইবে।

৮. আলোচ্য নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৯. বর্তমান নিয়োগপত্র আপনার পূর্ববর্তী নিয়োগপত্রের স্থলাভিষিক্ত হইবে।

ধন্যবাদান্তে

মহাব্যবস্থাপক/ হেড অব্ সেলস্
পিংকসিটি ফুড এন্ড বেভারেজ ইন্ডাষ্ট্রিজ লি.

উক্ত অস্থায়ী নিয়োগ পত্র পড়িয়া, স্বজ্ঞানে স্বাক্ষর করিলাম।

PINK CITY FOOD & BEVERAGE IND. LTD.